# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিপ-৪৭৫২/২৫১ তারিখ: ১৫-০৭-২০২৬ খ্রি.

**বিষয়: সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন নবারুণ উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুল মালেক গাজী-এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্রঃ ক) জেলা প্রশাসক, সাতক্ষীরা-এর ৩০-০৬-২০২৫ খ্রি. তারিখে ০৫.৪৪.৮৭০০.০১৭.২১.০০২.২৫-৬৫৭ (যুক্ত) নং স্মারকপত্র।
খ) উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা-এর ০৮-০৬-২০২৬ খ্রি. তারিখে ০৫.৪৪.৮৭৮২.০০০.৩০.০০৩.২৬-৮৪৯ নম্বর স্মারকপত্র।
গ) জনাব কবীর আহমেদ-এর ০৭-০৭-২০২৬ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন নবারুণ উচ্চ বালিকা বিদ্যালয়-এর প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুল মালেক গাজীর বিরুদ্ধে বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক জনাব কবীর আহমেদ একটি অভিযোগ দাখিল করলে উক্ত অভিযোগের বিষয়ে পুন:তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য গত ১৫-০৯-২০২৪ খ্রি. তারিখে বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১৮৬১৭ নং স্মারকপত্রে জেলা প্রশাসক, সাতক্ষীরা-কে অনুরোধ করে পত্র প্রদান করা হয়। পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসক মহোদয় ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটিকে তদন্তের দায়িত্ব প্রদান করেন। উক্ত কমিটি তদন্ত পূর্বক গত ২৯-০৬-২০২৫ খ্রি. তারিখে জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুল মালেক গাজীর বিরুদ্ধে ১. সহকারী শিক্ষক (কম্পিউটার) হিসেবে ত্রুটিপূর্ণ নিয়োগ ও যোগদান। ২. রয়েল ইউনিভার্সিটি থেকে অর্জিত বি,এড সনদ ত্রুটিপূর্ণ। ৩. ২য় শ্রেণীতে স্নাতক পাশ করার পূর্বেই বিধি বহির্ভূতভাবে সিনিয়র স্কেল প্রাপ্ত হওয়া। ৪. সেকায়েপের অর্থ বন্টনে নীতিমালার লঙ্ঘন। ৫. বিধি বহির্ভূতভাবে অতিরিক্ত শাখা খোলা এবং খন্ডকালীন শিক্ষক নিয়োগ প্রদান। ৬. বিধি বহির্ভূতভাবে কিশোরী টয়লেট এবং কমফোর্টজোন বন্ধ রাখার অভিযোগগুলোর প্রাথমিক সত্যতা রয়েছে মর্মে জেলা প্রশাসক মহোদয় তদন্ত প্রতিবেদনের সাথে একমত পোষণ করে তদন্ত প্রতিবেদন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোরে প্রেরণ করেন। এমতবস্থায়, উক্ত তদন্ত প্রতিবেদনের আলোকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
স্বাক্ষরিত
(মুঃ এনামুল কবীর)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নম্বর: ০২৪৭৭৭৬২৭০৫

সভাপতি, অ্যাডহক/ম্যানেজিং কমিটি
নবারুণ উচ্চ বালিকা বিদ্যালয় (১১৮৮০৯)
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।

স্মারক নম্বর-বিপ-৪৭৫২/২৫১ তারিখ: ১৫-০৭-২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
২। উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
৩। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
৫। প্রধান শিক্ষক, নবারুণ উচ্চ বালিকা বিদ্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
৬। জনাব কবীর আহমেদ (অভিযোগকারী) সিনিয়র শিক্ষক, নবারুণ উচ্চ বালিকা বিদ্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
৭। সংরক্ষণ নথি।

১৫.০৭.২৬

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর